দামুড়হুদার হাউলী ইউনিয়নে বাবু খানের নির্বাচনী পথসভা

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ১নং ওয়ার্ড থেকে বিএনপির নির্বাচনী প্রচারণা শুরু হয়েছে। এ উপলক্ষে গতকাল বুধবার বিকেলে হাউলী ইউনিয়ন বিএনপির আয়োজনে জয়রামপুর চৌধুরীপাড়া ঈদগাহ মাঠে এক পথসভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা-০২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী, জেলা বিএনপির সভাপতি, বিজিএমইএ সভাপতি ও কেন্দ্রীয় কমিটির উপ-কোষাধ্যক্ষ মাহমুদ হাসান খান বাবু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “অনেক দিন পর এ দেশের মানুষ ভোট দিতে পারবে। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের অধীনে আগামী ২০২৬ সালের ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। রাষ্ট্র সংস্কারে বিএনপির ৩১ দফা কর্মসূচি নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে ধর্মীয় স্বাধীনতা, নারীর ক্ষমতায়ন, কৃষি ও কৃষকের উন্নয়নসহ মোট ৩১ দফা কর্মসূচি দেওয়া হয়েছে।”

তিনি আরও বলেন, “আপনারা দয়া করে নারীদের, বাড়ির মহিলাদের বিএনপির ধানের শীষের কথা বলবেন। একটি দল জান্নাতের কথা বলে মা-বোনদের বিভ্রান্ত করছে। কেউ যেন বিভ্রান্ত না হয়, সে বিষয়ে পুরুষদের বিশেষ খেয়াল রাখতে হবে। ভোট জনগণের অধিকার সবাই যে ধানের শীষে ভোট দেবে, তা নয়। কিন্তু কেন ধানের শীষে ভোট দিতে হবে, তা সাধারণ মানুষকে বোঝাতে হবে। দেশনায়ক তারেক রহমানের ৩১ দফা কর্মসূচির কথা মানুষকে বুঝাতে হবে। তারা যদি বুঝতে পারে, তাহলে অবশ্যই ধানের শীষে ভোট দেবে। কারণ এই ৩১ দফা বাস্তবায়ন হলে সব মানুষেরই কোনো না কোনোভাবে উপকার হবে, ইনশাআল্লাহ।”

হাউলী ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি আক্কাস আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ হাসান মিল্টন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, সহসভাপতি সোলেমান মল্লিক, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর

আবুল হাসেম, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সহসভাপতি মহিউদ্দিন, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, জেলা যুবদলের সাধারণ সম্পাদক সাইফুর রহমান ঝন্টু, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক একরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, যুগ্ম আহ্বায়ক সোহেল রানা, জেলা ছাত্রদলের সভাপতি শাজাহান খান, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসেন বাবু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তামিম হোসেন, সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিকসহ হাউলী ইউনিয়নের বিএনপির নেতৃবৃন্দ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, হাউলী ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কামরুজ্জামান।

সভায় বক্তারা বলেন, এলাকার বিভিন্ন রাস্তা-ঘাট দীর্ঘদিন ধরে অযত্নে পড়ে আছে। বিশেষ করে চৌধুরীপাড়া, তারিনিপুর, ডুগডুগিসহ আশপাশের এলাকার কৃষকরা ফসল পরিবহনে ভোগান্তিতে পড়ছেন। এ সমস্যা সমাধানসহ জনগণের অধিকার ফিরিয়ে আনতে বিএনপির প্রার্থীকে বিজয়ী করার আহ্বান জানান বক্তারা।

পথসভা শেষে প্রধান অতিথি মাহমুদ হাসান খান বাবু দামুড়হুদা পুড়াপাড়া সার্বজনীন শ্রীশ্রী রাধামাধব মন্দিরে নামযজ্ঞ অনুষ্ঠানে যোগ দেন এবং হিন্দু সম্প্রদায়ের মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। পরে একে একে জয়রামপুর ইয়ুথ ক্লাব, ডুগডুগি, ছোট দুধপাতিলা ও বড় দুধপাতিলা গ্রামে ধারাবাহিকভাবে নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে নৌকার প্রার্থী সমি’র নির্বাচনী পথসভা

অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-২ আসনের আওয়ামী লীগ মনোনিত নৌকা প্রতীকের প্রর্থীর ঘামঝরা প্রচার প্রচারণা চলছে। নির্বাচনে বিজয় ছিনিয়ে নিতে ভোট প্রার্থনা করতে গ্রামে গ্রামে ছুটছেন তিনি। পাড়া-মহল্লা, গ্রাম-গঞ্জে ভোটারদের সাথে চলছে গণসংযোগ ও পথসভা।

ঝিনাইদহের নৌকা প্রতীকের প্রার্থী তাহজিব আলম সিদ্দিকী সমি বিভিন্ন নির্বাচনী পথসভায় বিগত দিনের উন্নয়নের ধারা বাহিকতা ধরে রাথতে এবং বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলদেশ বিনির্মাণে নৌকা মার্কায় ভোট দেওয়ার জন্য সকলের নিকট বিনীত অনুরোধ করছেন। তার পথসভায় তৃনমূল আওয়ামী লীগের নেতা কর্মীরা গণজোয়ার সৃষ্টি করছে। তার নেতাকর্মীরা পাড়ায় মহল্লায় সকাল থেকে গভীর রাত পর্যন্ত নির্বাচনী প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন। সকলের দ্বারে দ্বারে গিয়ে ভোট ভিক্ষা করছেন।

আজ মঙ্গলবার বিকালে হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের চাদপুর হাইস্কুল মাঠে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ফজলু মালিতার সভাপতিত্বে এক পথ সভায় বক্তব্য রাখেন তাহজীব আলম সিদ্দিকী সমি এমপি।

সেসময় উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, এমপির একান্ত সহকারী রওশন আলী, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, চাঁদপুর ইউনিয়নের চেয়ারম্যান কামাল হোসেনসহ ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা। সভার সঞ্চালনায় ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রশিদুল্লাহ। এর আগে পাগলা কানাই ইউনিয়নে পথসভা করেণ তিনি। তিনি প্রতিটি পথসভায় আগামী ৭ জানুয়ারী জননেত্রী শেখ হাসিনার দেওয়া নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করার আহবান জানান।

কুষ্টিয়ার মাসুদ বিড়ি ফ্যাক্টরিতে হানিফের নির্বাচনী পথসভা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জননেতা মাহাবুব উল আলম হানিফের নির্বাচনী পথসভা আজ সকালে বড়বাজার মাসুদ বিড়ি ফ্যাক্টরিতে শ্রমিকদের নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় শ্রমিকলীগ কেন্দ্র কমিটির নির্বাহী সদস্য কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মোঃ আমজাদ আলী খান।

মোহাম্মদ শাহাদ আলী বিশ্বাসের সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন মাসুদ বিড়ি ফ্যাক্টরি শ্রমিক নেতা মোহাম্মদ আকমান হোসেন, মোহাম্মদ হানিফ প্রামাণিক, জেলা জাতীয় শ্রমিক লীগের যুগ্ন সাধারণ সম্পাদক মোঃ হামিদুল ইসলাম, মোঃ মুসা আলী খান, সংগঠনিক সম্পাদক মোঃ জাহাঙ্গীর হোসেন সহ সাধারণ সম্পাদক মোঃ সেলিম উদ্দিন শহর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মাহবুব হোসেন সমাজকল্যাণ সম্পাদক খমিনি আহমেদ জেলা যুবশ্রমিক লীগের যুগ্ন আহবায়ক মোহাম্মদ রবিউল ইসলাম সদস্য সচিব শরিফুল ইসলাম রিপন।

প্রধান অতিথি আতাউর রহমান আতা তার বক্তব্যে বলেন, আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৭ জানুয়ারি সকল ভোটার কে ভোট কেন্দ্রে তাদের উপস্থিত করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং জননেতা জনাব মাহবুবুল আলম হানিফের কুষ্টিয়ার জনপদের মানুষের জন্য কল্যাণমূলক কার্যক্রম করেছেন সেগুলা তুলে ধরে বক্তব্য রাখেন।

তিনি আরো বলেন, জননেতা মাহবুব আলম হানিফ আগামীতে এমপি নির্বাচিত হলে কুষ্টিয়া শহরকে স্মার্ট শহরে রূপান্তরিত করার কার্যক্রম শুরু করবে।

প্রধান বক্তা আমজাদ আলী খান বলেন, জননেত্রী শেখ হাসিনা মাহবুব উল

আলম হানিফকে নৌকার প্রতীক দিয়ে কুষ্টিয়া সদর ৩ আসনে পাঠিয়েছেন তাকে ভোট দিয়ে জয়যুক্ত করলে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করা হবে এবং সরকারের উন্নয়নের ধারা অব্যাহত থাকবে। যারা ভোটকে বাঁধাগ্রস্থ করার জন্য ষড়যন্ত্র করছে এদের বিষয়ে তাৎক্ষণিকভাবে আইনশৃঙ্খলা বাহিনীকে জানানোর জন্য অনুরোধ করেন এবং শ্রমিকদের স্থানীয় সমস্যাগুলো নেতৃবৃন্দের কাছে তুলে ধরেন নির্বাচনের পরে বিষয়গুলি সমাধান করার জন্য আশ্বাস দেন।

যারা নির্বাচন আটকাতে পারছে না তারা নির্বাচনের পর সরকারকেও টলাতে পারবে না : হানিফ

‘নির্বাচনের পর সরকারকে বেকায়দায় ফেলার ক্ষমতা কারোর নেই’ বলে মন্তব্য করেছেন বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক মাহবুব-উল আলম হানিফ।

তিনি বলেন, যারা নির্বাচন আটকাতে পারছে না তারা নির্বাচনের পর সরকারকেও টলাতে পারবে না। এইসব মোকাবেলা করার সক্ষমতা আওয়ামী লীগ সরকারের আছে।

রবিবার (২৪ ডিসেম্বর) দুপুরে কুষ্টিয়ার হরিনারায়ণপুর ইউনিয়নে নির্বাচনী পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

হানিফ বলেন, বিএনপি-জামায়াত তাদের রাজনৈতিক আদর্শের কারণে নির্বাচনে আসেনি। তাদের রাজনীতির উদ্দেশ্য যদি দেশের উন্নয়নের জন্য, জনকল্যাণে হয় তাহলে এই নির্বাচন দল-মত নির্বিশেষে সবাই সমর্থন করুন।

আওয়ামী লীগের এই নেতা আরও বলেন, মানুষের কাছে উন্নয়ন-অগ্রগতির পাশাপাশি দরকার শান্তি। একসময় এই কুষ্টিয়া সন্ত্রাসী জনপদ এলাকা ছিল। আমার লক্ষ্য ছিল উন্নয়নের পাশাপাশি কুষ্টিয়া থেকে সন্ত্রাস নির্মূল করা। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তাদের কঠোরভাবে

দমন করার চেষ্টা করেছি।

কুষ্টিয়ার উন্নয়নে আমি তৃপ্ত নয় উল্লেখ করে তিনি বলেন, দেশের কাজ করছি, কুষ্টিয়ার জন্য কাজ করছি। আমি আরও বেশি বেশি এই কুষ্টিয়া উন্নয়নের কাজ করতে চাই। কুষ্টিয়ার উন্নয়নে অতীতে যেভাবে কাজ করেছি, নির্বাচিত হলে ইনশাআল্লাহ এই এলাকার উন্নয়নে যা যা প্রয়োজন তা করবো- এই প্রতিশ্রুতি দিচ্ছি বলেও জানান তিনি।

এসময় জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আজগর আলীসহ দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে বিএনপি একদিন জনগণের মন থেকে মুছে যাবে: হানিফ

সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে বিএনপি একদিন জনগণের মন থেকে মুছে যাবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ।

বৃহস্পতিবার (২১ ডিসেম্বর) দুপুরে কুষ্টিয়া সদর উপজেলার আলামপুর-ভাদালিয়া বাজারে নির্বাচনী পথসভায় যোগ দিয়ে বিএনপির আন্দোলন প্রসঙ্গে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, যখন কোন রাজনীতিক দলের প্রতি সাধারণ জনগণের সমর্থন থাকে, সেই দলটি কখনোই সন্ত্রাসীর পথ বেছে নেবে না। বিএনপি সন্ত্রাসীর পথ বেছে নেয়ার কারণেই জনবিচ্ছিন্ন, তাদের জনগণের সমর্থন নাই। জনগণের সমর্থন যেখানে থাকে না সেই দলের কোন কর্মসূচিই সফলতা লাভ করে না।

তিনি আরও বলেন, বিএনপি-জামায়াত তাদের রাজনৈতিক আদর্শের কারণে নির্বাচনে আসেনি। তাদের রাজনীতির উদ্দেশ্য যদি দেশের উন্নয়নের জন্য, জনকল্যাণে হয় তাহলে এই নির্বাচন দল-মত নির্বিশেষে সবাই সমর্থন করুন। দেশের কাজ করছি, কুষ্টিয়ার জন্য কাজ করছি।

নির্বাচনে আপনারা নেই কিন্তু সমর্থন তো করতে পারেন। সবাই সমাজে যদি মিলেমিশে এক থাকতে পারেন। তাহলে কেন সবাই মিলেমিশে ভোট দিতে পারবেন না?

তিনি বলেন, আওয়ামী লীগের কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক থাকায় সাংগঠনিক কারণে দেশের বিভিন্ন জায়গায় যেতে হয়। তারপরও আমি আমার দায়িত্ব পালন করার চেষ্টা করেছি। আমি যখন সংসদ সদস্য হয়েছিলাম তখন কুষ্টিয়া অনেক পিছিয়ে পড়া জেলা ছিল। বাংলাদেশে শেখ হাসিনার নেতৃত্বে চট্টগ্রাম, কুমিল্লা, রাজশাহী, সিলেটসহ অন্যান্য জেলা দ্রুত এগিয়ে গেছে। আমরা পিছিয়ে ছিলাম কারণ যারা সংসদ সদস্য, মন্ত্রী ছিলেন তারা হয়ত সেভাবে গুরুত্ব দিতে পারেননি। আমি কুষ্টিয়াকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি। আমার চেষ্টা ছিল কিন্তু পরিপূর্ণভাবে পারিনি।

নৌকা মার্কায় ভোট দেওয়ার আহবান জানিয়ে তিনি বলেন, শান্তি ও উন্নয়ন-অগ্রগতির কুষ্টিয়া গড়ার জন্য কাজ করছি। আগামী দিনের উন্নত কুষ্টিয়া গড়ার প্রত্যয়ে সকলে ঐক্যবদ্ধ হয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিবেন- এই প্রত্যাশা করি।

এসময় কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আসগর আলীসহ জেলা আওয়ামী লীগ ও স্থানীয় আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।

ইসলামপুরে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের নির্বাচনী পথসভা

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার রাতে আমদহ ইউনিয়নের ইসলামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ পথসভা অনুষ্ঠিত হয়।

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শরিফুল ইসলামের সভাপতিত্বে পথ সভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী,উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়নের চেয়ারম্যান মমিনুল ইসলাম মোমিন,ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কাজী শহিদুল হক, জিনারুল ইসলাম, একরামুল হক, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আতিয়ার রহমান হিরা, কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ সম্পাদক তানভীর আহমেদ সহ বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের নির্বাচনী পথসভা

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার রাতে আমদহ ইউনিয়নের চকশ্যামনগর (নতুন গ্রামে) এ পথসভা অনুষ্ঠিত হয়।

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কাজী সহিদুল ইসলাম সঞ্চালনায় আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শরিফুল ইসলামের সভাপতিত্বে পথ সভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মোঃ আব্দুস সালাম, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়নের

চেয়ারম্যান আব্দুল সালাম বাবলু বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর আইনজীবী সমিতির সেক্রেটারি খ ম ইমতিয়াজ হারুন জুয়েল, এডভোকেট খন্দকার আব্দুল মতিন, আব্দুল মান্নান, জেলা আইনজীবী সমিতির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট আব্দুল্লাহ আল মামুন রাসেল, জিনারুল ইসলাম, একরামুল হক হীরা, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আতিয়ার রহমান হিরা।

এ সময় পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন লিখন আলী।

আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের নির্বাচনী পথসভা

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার রাতে আমদাহ ইউনিয়নের রায়পুর গ্রামে এ পথসভা অনুষ্ঠিত হয়।

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শরিফুল ইসলামের সভাপতিত্বে পথ সভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, সাবেক ছাত্রনেতা ও জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল,জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল সালাম বাবলু বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল, জেলা মহিলা